



আবদুল্লাহ আল-মুতী শরফুদ্দীনের কলিঙ্গ পুরস্কার লাভ

বিশিষ্ট শিক্ষাবিদ ও বিজ্ঞান
লেখক ডঃ আবদুল্লাহ আল-মুতী
শরফুদ্দীন ১৯৮৩ সালের ইউনেস্কো
আন্তর্জাতিক কলিঙ্গ পুরস্কার লাভ
করেছেন। বিজ্ঞানকে জনপ্রিয়
করে তোলার কাজে তাঁর বিশেষ
অবদানের জন্য তিনি এই পুর-
স্কার লাভ করেন। বিজ্ঞান ও
কারিগরি ডিভিশনের অতিরিক্ত
ভারপ্রাপ্ত সচিব ডঃ শরফুদ্দীন এ
ধরনের আন্তর্জাতিক পুরস্কার
লাভকারী প্রথম বাংলাদেশী।

ইউনেস্কো বিজ্ঞান কারিগরি
(শেষ পৃ: ৮-এর ক: ৩)

আবদুল্লাহ আল-মুতী

(১ম পাতার পর)

এক বৈজ্ঞানিক গবেষণা ও সমাজে
তার প্রভাব সৃষ্টির জন্য ১৯৫১
সালে এই পুরস্কার প্রবর্তন করে।
এই বার্ষিক পুরস্কারের মূল্য এক
হাজার পাউণ্ড ষ্টলিং। কলিঙ্গ
ফাউন্ডেশন ট্রাস্টের প্রতিষ্ঠাতা
ও সভাপতি ভারতের উড়িষ্যা
রাজ্যের শ্রী বি. পট্টনায়কের
দেয়া অনুদান থেকে এই অর্থ
দেয়া হয়। ২২শে ফেব্রুয়ারী
প্যারিসে ইউনেস্কোর মহাপরি-
চালক ১৯৮২ ও ১৯৮৩ সালের
পুরস্কার বিজয়ীদের আনুষ্ঠানিক-
ভাবে পুরস্কার প্রদান করবেন।

এ পর্যন্ত ডঃ শরফুদ্দীনের
১৩টি বই ও ১০টি অনুবাদ প্রকা-
শিত হয়েছে। তিনি বিজ্ঞান ও
শিক্ষা সংক্রান্ত অনেকগুলো বই
সম্পাদনা করেন। তিনি পত্র পত্রি-
কায়ও নিয়মিত লিখে থাকেন।
তিনি প্রায় চার দশক ধরে বিভিন্ন
বৈজ্ঞানিক বিষয়কে প্রাক্তন ও ব্রি-
খিত বাংলায় পাঠকদের সামনে
তুলে ধরেছেন ও বিজ্ঞানের জন-
প্রিয়তা অর্জনে সহায়তা করেছেন।
ধবর বাসিন্দা।

0 002